গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রদান, ক্রয় এবং একত্রিকরণ শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭৪.২০.০০৬.২৪. তারিখ: .১০.২০২৪ খ্রি.

**বিষয় : ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে পরিচালন ইউনিট-১৪৮০২০৫-সাইলো কার্যালয়সমুহের অনুকুলে অর্থনৈতিক কোড নম্বর-৩২১১১১৩-বিদ্যুৎ খাতে বরাদ্দকৃত টাকার শতভাগ (১০০%) ব্যয়ের অনুমতি।**

সূত্র: অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং-০৫ তারিখ ০৪.০৭.২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সূত্রস্থ পরিপত্রে চলতি ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে অর্থনৈতিক কোড নম্বর-৩১১১১১৩-বিদ্যুৎ খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৮০% ব্যয় করা যাবে মর্মে উল্লেখ করা হয়েছে। উক্ত নির্দেশনার কারণে খাদ্য অধিদপ্তরাধীন নয়টি পরিচালন ইউনিটের মধ্যে ১৪৮০২০৫-সাইলো কার্যালয়সমূহে অনেক টাকার বিদ্যুৎ বিল পরিশোধ করা সম্ভব হবে না। বর্তমানে সারাদেশে মোট ০৮টি সাইলো কার্যালয় আছে। সাইলোসমূহে গত ২০২৩-২৪ এবং চলতি ২০২৪-২৫ অর্থবছরে বিদ্যুৎ খাতে বাজেট বরাদ্দ ও ব্যয়ের তথ্য নিম্নের ছকে উল্লেখ করা হলো।

| কোড নং ও খাতের নাম | **বাজেট (২০২৩-২৪)** | বাজেটের ৯৫% | প্রকৃত ব্যয় | বকেয়ার পরিমান |
|---|---|---|---|---|
| ৩২১১১১৩-বিদ্যুৎ | ৫,০০,০০,০০০/- | ৪,৭৫,০০,০০০/- | ৪,৭৪,১০,২০৭/- | ৩,২০,৯৮,০৯২/- |

| কোড নং ও খাতের নাম | **বাজেট (২০২৪-২৫)** | বাজেটের ৮০% | এযাবৎ মাঠ পর্যায়ে বরাদ্দের পরিমাণ | ৮০% এর অবশিষ্ট পরিমাণ |
|---|---|---|---|---|
| ৩২১১১১৩-বিদ্যুৎ | ৫,৩৬,০২,০০০/- | ৪,২৮,৮১,৬০০/- | ৪,১৪,৮৯,৪০০/- | ১৩,৯২,২০০/- |

২। চলতি ২০২৪-২৫ অর্থবছরে সাইলো কার্যালয়সমূহের অনুকূলে বিদ্যুৎ খাতে বাজেট বরাদ্দের ৮০% হতে গত অর্থবছরের বকেয়া ৩,২০,৯৮,০৯২/- টাকা পরিশোধের পর অবশিষ্ট থাকে (৪,২৮,৮১,৬০০-৩,২০,৯৮,০৯২)=১,০৭,৮৩,৫০৮/- টাকা, যা দ্বারা চলতি অর্থবছরের পুরো সময়ের ব্যয় নির্বাহ করা সম্ভব হবেনা। কেননা, মাঠ পর্যায়ে এ পর্যন্ত বরাদ্দকৃত টাকা থেকে গত অর্থবছরের বকেয়া প্রায় ৩.২১ কোটি টাকাসহ চলতি অর্থবছরের মাত্র আগষ্ট'২৪ পর্যন্ত সময়ের বিল পরিশোধ করা হয়েছে। ফলে গত অর্থবছরের ব্যয় বিবেচনায় চলতি অর্থবছরে বাজেট বরাদ্দের শতভাগ (১০০%) ব্যয়ের অনুমতি প্রদান করে হলে আরও প্রায় ২৫৯.০৭ লাখ টাকা ঘাটতি থাকতে পারে। উল্লেখ্য, খাদ্য বিভাগীয় সাইলোসমূহ সরকারের KPI স্থাপনা এবং এখানে সরকারের হাজার হাজার কোটি টাকার খাদ্যশস্য মজুত থাকে। কোনো কারণে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হলে সরকারি সম্পদের তছরুপ/ক্ষতি হওয়ার আশঙ্কা অমূলক নয়। ফলে সরকারি সম্পদের নিরাপদ রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা এবং বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণের মতো অনাকাঙ্খিত পরিস্থিতি এড়ানোর লক্ষ্যে বকেয়াসহ চলতি অর্থবছরের বিদ্যুৎ বিল পরিশোধের জন্য পরিচালন ইউনিট-১৪৮০২০৫-সাইলো কার্যালয়মূহের অর্থনৈতিক কোড নম্বর-৩১১১১১৩-বিদ্যুৎ খাতে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নির্বাহে অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করা প্রয়োজন।

৩। এ অবস্থায়, উপর্যুক্ত বর্ণনার আলোকে KPI হিসাবে ঘোষিত খাদ্য স্থাপনা সমূহের মধ্যে পরিচালন ইউনিট-১৪৮০২০৫-সাইলো কার্যালয়সমুহের অর্থনৈতিক কোড নম্বর-৩১১১১১৩-বিদ্যুৎ খাতে ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে বরাদ্দকৃত অর্থের শতভাগ (১০০%) ব্যয় নির্বাহের সম্মতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

স্বাঃ -
মো: আব্দুল খালেক
মহাপরিচালক
ফোন: ০২-৪১০৫৩৭৭৭

সচিব
খাদ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭৪.২০.০০৬.২৪.১৮০৬/৫ (১২) তারিখ: ২২ .১০.২০২৪ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে:

১। অতিরিক্ত সচিব, বাজেট অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপসচিব, বাজেট-৩ শাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সাইলো অধীক্ষক (সকল)...............
৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।
৫। অফিস কপি/মাস্টার কপি।

২২/১০/২৪

রেজা মোহাম্মদ মহসিন